সমকাল

তারিখ .. 21 OCT 2015 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৯ .....

# জাতীয় বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন : তথ্য আহ্বান

জাতীয় বিশ্ববিদ্যালয়ের সাবেক শিক্ষার্থী– যারা এ বিশ্ববিদ্যালয় বা এর অধিভুক্ত কলেজ-শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়ন করে ডিগ্রিপ্রাপ্ত হয়েছেন– তাঁরা জাতীয় বিশ্ববিদ্যালয়ের অ্যালামনাই হিসেবে রেজিস্ট্রেশন করতে পারবেন। আগামী ৩০ নভেম্বর পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের (www.nu.edu.bd) সার্ভিসেস মেন্যুর স্টুডেন্ট লগইন-এ গিয়ে অ্যালামনাই রেজিস্ট্রেশন ফরম পূরণ করতে হবে। একই সঙ্গে ২০১৬ সালের শেষ দিকে অনুষ্ঠিতব্য বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তনে যোগদান করতে ইচ্ছুক কি-না তাও ফরমে জানাতে হবে। গতকাল মঙ্গলবার জাতীয় বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।